সংবাদ

তারিখ 20 JAN 2016
পৃ ১২ কলাম ২

# কিশোরগঞ্জে অতিরিক্ত ফি নিয়ে স্কুলে ভর্তি

প্রতিনিধি, কিশোরগঞ্জ (নীলফামারী)

নীলফামারীর কিশোরগঞ্জ উপজেলা সদরের কিশোরীগঞ্জ বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণিতে অতিরিক্ত ফি নিয়ে ভর্তি করার অভিযোগ পাওয়া গেছে। অতিরিক্ত ফি দিয়ে ছেলে মেয়েদের ভর্তি করতে অভিভাবকদের এখন ত্রাহি মধুসূদন অবস্থা। অভিভাবকরা অভিযোগ করে বলেন, মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে মফস্বল এলাকার স্কুলগুলোর জন্য সেশন ফিসহ ৫০০ টাকা ভর্তি ফি নির্ধারণ করে দেয়া হলেও তা মানছে না বিদ্যালয় কর্তৃপক্ষ। ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি ফি আদায় করছে ১ হাজার একশত টাকা থেকে ১ হাজার পাঁচশত টাকা পর্যন্ত। ফলে অভিভাবকরা তাদের ছেলে মেয়েদের কাঙ্ক্ষিত স্কুলে ভর্তি করতে গিয়ে হিমসিম খাচ্ছে। কিশোরীগঞ্জ বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয় সূত্রে জানা গেছে, এবারে এ বিদ্যালয়ে ৭'শরও বেশি ভর্তি ইচ্ছুক ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয় ৬৪৫ জন।

এসব নতুন ছাত্রছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত প্রায় ৩ লাখ ৩৭ হাজার টাকা হাতিয়ে নিয়েছে বিদ্যালয় কর্তৃপক্ষ। এছাড়াও বিদ্যালয়ে বাৎসরিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ৯০০ জন ছাত্রছাত্রীর ভর্তি ফি ৯৫০ টাকা নির্ধারণ করে বিদ্যালয় কর্তৃপক্ষ। এ বিষয়ে কিশোরীগঞ্জ বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক গোলাম আজম ও ম্যানেজিং কমিটির সভাপতি সাবুল হোসেনের সঙ্গে কথা বললে তারা বলেন, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে আলোচনা করে এ বিদ্যালয়ের ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলামের সঙ্গে কথা বললে তিনি অতিরিক্ত ভর্তি ফি নেয়ার বিষয়টি জানেন না।